গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
www.nlaso.gov.bd

স্মারক নং- জা:আ:স:প্র:স: ০২/২০১৩-২০৯

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ সিলেট ও খুলনা শ্রম আদালতে শ্রমিক আইন সহায়তা সেল স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত ২৮ এপ্রিল, ২০১৩ খ্রিঃ তারিখে জাতীয় আইনগত সহায়তা দিবসের অনুষ্ঠানে দেশের সকল শ্রম আদালতে ‘শ্রমিক আইন সহায়তা সেল’ স্থাপনের ঘোষণা প্রদান করেন। বিগত ২৬ মে ২০১৫ খ্রি: তারিখে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার জাতীয় পরিচালনা বোর্ডের ৩২ তম সভায় সংস্থার চেয়ারম্যান আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক এম.পি. ঢাকার ন্যায় চট্টগ্রামসহ দেশের বিদ্যমান সকল শ্রম আদালতে পর্যায়ক্রমে ‘শ্রমিক আইন সহায়তা সেল’ স্থাপন করার সদয় নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে ঢাকা ও চট্টগ্রামস্থ শ্রম আদালতে ‘শ্রমিক আইন সহায়তা সেল’ এর কার্যক্রম শুরু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় সিলেট ও খুলনা শ্রম আদালত প্রাঙ্গনে একটি করে ‘শ্রমিক আইন সহায়তা সেল’ স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। দরিদ্র ও সুবিধাবঞ্চিত শ্রমিকদের আইনগত অধিকার প্রতিষ্ঠায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা পর্যায়ক্রমে দেশে বিদ্যমান সকল শ্রম আদালতে **‘শ্রমিক আইন সহায়তা সেল’** প্রতিষ্ঠা করবে। এ পর্যায়ে সংস্থা ঢাকা ও চট্টগ্রাম এর ন্যায় সিলেট ও খুলনা শ্রম আদালত ভবনে **‘শ্রমিক আইন সহায়তা সেল’** স্থাপনের মাধ্যমে উক্ত বিভাগসমূহে অবস্থিত চা-শিল্পসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানগুলোতে নিয়োজিত বিপুল পরিমাণ অসহায় ও দরিদ্র শ্রমজীবী মানুষকে আইনগত পরামর্শ প্রদানের পাশাপাশি তাদের পক্ষে শ্রম আদালতে মামলা দায়ের, পরিচালনা ও আইনগত সহায়তা প্রদান করা হবে।

০৩। এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্ত প্রতিশ্রুতি এবং মাননীয় আইন মন্ত্রীর নির্দেশক্রমে ইউএনডিপি বাংলাদেশ এর কারিগরি সহায়তায় ও জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার উদ্যোগে সিলেট ও খুলনায় অবস্থিত শ্রম আদালত ভবনে **‘শ্রমিক আইন সহায়তা সেল’** স্থাপনের নিমিত্ত কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

১৮/১১/২০২১ খ্রি:

**(সৈয়দ তফাজ্জল হাসান হিরু)**
**উপ-পরিচালক (প্রশাসন)**
**(যুগ্ম জেলা ও দায়রা জজ)**
**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**
**ফোনঃ ০২-৪৯৩৪৯৭৬৫**

(সৈয়দ তফাজ্জল হাসান হিরু)
উপ-পরিচালক (যুগ্ম জেলা ও দায়রা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**চেয়ারম্যান**
শ্রম আদালত, সিলেট/খুলনা।

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। জেলা লিগ্যাল এইড অফিসার, লিগ্যাল এইড অফিস, সিলেট/খুলনা।
২। সভাপতি, বার এসোসিয়েশন, শ্রম আদালত, সিলেট/খুলনা।
৩। শাহরিন তিলোত্তমা, প্রোগ্রাম অফিসার, ইউএনডিপি বাংলাদেশ।

**জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, সিলেট এবং খুলনা।
০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/মনিটরিং), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
০৬। সভাপতি, জেলা আইনজীবী সমিতি ও সদস্য, জেলা লিগ্যাল এইড কমিটি, সিলেট/খুলনা।
০৭। সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি ও সদস্য, জেলা লিগ্যাল এইড কমিটি, সিলেট/খুলনা।
০৮। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
০৯। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।